রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, ফেব্রুয়ারি ২৪, ২০১৬**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৩ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৪১-আইন/২০১৬।**—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) এর ধারা ২৪, ধারা ১২ক এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **প্রবিধানমালার নাম।**—এই প্রবিধানমালা জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (শ্রম আদালতের বিশেষ কমিটি গঠন, দায়িত্ব, কার্যাবলী, ইত্যাদি) প্রবিধানমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) **"আইন"** অর্থ আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন);

(২) **"চেয়ারম্যান"** অর্থ বিশেষ কমিটির চেয়ারম্যান;

(৩) **"বিশেষ কমিটি"** অর্থ প্রবিধান ৩ এর অধীন শ্রম আদালতের জন্য গঠিত বিশেষ কমিটি;

(৪) **"শ্রম আইন"** অর্থ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন);

(৫) **"শ্রম আদালত"** অর্থ শ্রম আইনের ধারা ২১৪ এর অধীন স্থাপিত শ্রম আদালত;

(৬) **"শ্রমিক"** অর্থ শ্রম আইনের ধারা ২ এর দফা (৬৫) এ সংজ্ঞায়িত শ্রমিক;

(৭) **"সদস্য"** অর্থ বিশেষ কমিটির কোন সদস্য।



**মূল্য ঃ** টাকা ৪.০০

৩। **শ্রম আদালতের বিশেষ কমিটি গঠন, ইত্যাদি।**—(১) যে সকল জেলায় শ্রম আদালত রহিয়াছে সে সকল প্রতিটি জেলায় শ্রম আদালতের জন্য জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার একটি বিশেষ কমিটি থাকিবে:

তবে শর্ত থাকে যে, কোন জেলায় একাধিক শ্রম আদালত থাকিলে উক্ত শ্রম আদালতসমূহের জন্য একটি বিশেষ কমিটি থাকিবে।

(২) আইনের ধারা ১২ক এর উপ-ধারা (২) এর উদ্দেশ্যপূরণকল্পে, নিম্নবর্ণিত দফা (ক) এ উল্লিখিত চেয়ারম্যান এবং দফা (খ) হইতে (ট) এ উল্লিখিত সদস্য সমন্বয়ে বিশেষ কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) শ্রম আদালতের চেয়ারম্যান, যিনি পদাধিকারবলে ইহার চেয়ারম্যান হইবেন:

তবে শর্ত থাকে যে, কোন জেলায় একাধিক শ্রম আদালত থাকিলে উক্ত আদালতসমূহে কর্মরত বিচারকগণের মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি চেয়ারম্যান হইবেন;

(খ) একাধিক শ্রম আদালতের ক্ষেত্রে দফা (ক) এর শর্তাংশে উল্লিখিত চেয়ারম্যান ব্যতীত অন্যান্য বিচারকগণ;

(গ) শ্রম আইনের ধারা ৩১৭ এর অধীন নিযুক্ত একজন যুগ্ম-শ্রম পরিচালক;

(ঘ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের দায়িত্বে নিয়োজিত মহাপরিদর্শক কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা যিনি সহকারী মহাপরিদর্শক পদমর্যাদার নিম্নে নহেন;

(ঙ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত শ্রম আদালতের রেজিস্ট্রার;

(চ) শ্রম আদালত আইনজীবী সমিতির সভাপতি;

(ছ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত শ্রম আইনের ধারা ২১৪ এর উপ-ধারা (৭) এর অধীন তালিকাভুক্ত দুইজন শ্রমিক প্রতিনিধি, যাহাদের মধ্যে একজন মহিলা থাকিবেন;

(জ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট জেলার শ্রমিকের কল্যাণ কিংবা শ্রম অধিকার প্রতিষ্ঠার নিমিত্ত কার্যক্রম পরিচালনা করিয়া থাকে এইরূপ বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার একজন প্রতিনিধি;

(ঝ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত শ্রম আইনের ধারা ২১৪ এর উপ-ধারা (৭) এর অধীন তালিকাভুক্ত মালিক পক্ষের একজন প্রতিনিধি;

(ঞ) শ্রম আদালত আইনজীবী সমিতি কর্তৃক মনোনীত ৫ (পাঁচ) জন সিনিয়র আইনজীবী, যাহাদের মধ্যে একজন মহিলা থাকিবেন:

তবে শর্ত থাকে যে, দফা (খ) এর অধীন শ্রম আদালতের বিচারকগণ বিশেষ কমিটির সদস্য হইলে আইনের ধারা ১২ক এর উপ-ধারা (২) এর বিধান অনুসারে সদস্যের সংখ্যাগত সীমাবদ্ধতার কারণে, চেয়ারম্যান উক্ত সংখ্যা হ্রাস করিতে পারিবেন;

(ট) শ্রম আদালত আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৩)। উপ-প্রবিধান (২) এ উল্লিখিত সদস্য সমন্বয়ে বিশেষ কমিটি গঠনের ক্ষেত্রে একই পদবীর একাধিক ব্যক্তি থাকিলে চেয়ারম্যান কর্তৃক মনোনীত ব্যক্তি সদস্য হইবেন।

(৪) উপ-প্রবিধান (২) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বেই মনোনয়নকারী কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সদস্য পদ ত্যাগ করিতে পারিবেন।

৪। **বিশেষ কমিটির দায়িত্ব ও কার্যাবলী।**—(১) বিশেষ কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০১৪ অনুসারে আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী শ্রমিকগণের আবেদন বা দরখাস্ত বিবেচনাক্রমে যতদূর সম্ভব আইনগত সহায়তা প্রদান করা;

(খ) প্রাপ্ত আবেদন বা দরখাস্ত মঞ্জুর করা হইলে আবেদনকারী বা দরখাস্তকারীকে প্রদত্ত আইনগত সহায়তার ধরন ও শর্ত নির্ধারণ করা;

(গ) শ্রম আদালতের এখতিয়ারাধীন এলাকায় আইনগত সহায়তা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ করা;

(ঘ) আইনগত সহায়তা সম্পর্কে শ্রমিকগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঙ) জেলা কমিটি বা উপজেলা কমিটি বা ইউনিয়ন কমিটি কর্তৃক প্রেরিত দরখাস্ত বা সুপারিশ, প্রয়োজনে, বিবেচনাক্রমে আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা;

(চ) বোর্ড কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের জন্য বিশেষ কমিটি প্রয়োজনীয় যে কোন কাজ করিতে পারিবে।

৫। **বিশেষ কমিটি সভা।**—(১) এই প্রবিধানের অন্যান্য বিধান সাপেক্ষে, বিশেষ কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বিশেষ কমিটির সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতিমাসে বিশেষ কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান উক্ত বিশেষ কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) বিশেষ কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতা বা বিশেষ কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে বিশেষ কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**৬। বিশেষ কমিটির প্রতিবেদন।**—বিশেষ কমিটি প্রতি মাসে তৎকর্তৃক সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা কর্তৃক এতদ্‌সম্পর্কিত প্রণীত ফরম অনুসারে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার পরিচালকের নিকট প্রেরণ করিবে।

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আদেশক্রমে

**মালিক আব্দুল্লাহ্ আল-আমিন**
পরিচালক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd